

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৯৬

৫. হজ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৪০. রম্যান মাসে উমরাহ করার ফ্যীলত

بَابِ فِي فَضْلِ الْعُمْرَةِ فِي رَمَضَانَ

আরবী

أَخْبَرَنَا أَبُو عَاصِمٍ عَنْ ابْنِ جُرَيْجٍ عَنْ عَطَاءٍ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ رَسُولَ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لِامْرَأَةٍ اعْتَمِرِي فِي رَمَضَانَ فَإِنَّ عُمْرَةً فِي رَمَضَانَ تَعْدِلُ حَجَّةً

বাংলা

১৮৯৬. ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক মহিলাকে বলেছেনঃ তুমি রমযান মাসে উমরাহ করো। কেননা, রমযানের একটি উমরা একটি হজ্জের সমতুল্য।[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, উমরাহ ১৭৮২; মুসলিম, হাজ্ঞ ১২৫৬।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৩৭০০; আরও দেখুন, মাজমাউয যাওয়াইদ নং ৫৭৪১, সেখানে আমরা এর ছয়টি শাহিদ হাদীস উল্লেখ করেছি। এছাড়া দেখুন, ইবনু আদী, আল কামিল ৩/১১০৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন